

এসএসসি খাতা কেলেংকারির

মূল নায়ক গ্রেফতার

সৈয়দপুর বাবো ● ১৭ই জুলাই। -
এসএসসি পরীক্ষার খাতা কেলেংকারির
মূল নায়ক ফুলবাড়ী থানার পুকুরিয়া হাই
স্কুলের শিক্ষক আবুল কালাম আজাদকে
পুলিশ গ্রেফতার করেছে।

গত ২৪শে জুন রাতে পাবনা জেলার
সাঁথিয়া থানা কেন্দ্রের ৫টি খাতাসহ
গ্রেফতারকৃত আসামী রফিক ও গোলাপ
হোসেনের দেয়া জবানবন্দী অনুযায়ী
পুলিশ এ শিক্ষককে আটক করে। তাকে
ব্যাপক জিজ্ঞাসাবাদ করে জন্য ৫ই
জুলাই সাঁথিয়া থানায় নিয়ে যাওয়া

আজাদকে একটি সূত্র থেকে জানা
গেছে, আবুল কালাম আজাদ আর্টস-এর
শিক্ষক। বিজ্ঞানের শিক্ষক নন। অথচ এ
খাতাগুলো ছিল অংকের। এ খাতাগুলো
ফুলবাড়ী জি এম হাই স্কুলের শান্তি
মাস্টারের বলে অভিযোগ উঠেছে। তিনি
অংকের শিক্ষক।

গ্রেফতারকৃত শিক্ষক আবুল কালাম
আজাদ-এর সঙ্গে শান্তি মাস্টারের
দীর্ঘদিনের বন্ধুত্ব। তাই শান্তি মাস্টার
তাকে খাতাগুলো দেখার জন্য দিয়েছিলেন
বলে অভিযোগ পাওয়া গেছে। ঘটনার পর
বেশ কিছুদিন ধরে শান্তি মাস্টারকে
ফুলবাড়ী শহরে দেখা যাচ্ছে না বলে
অভিযোগ জানিয়েছেন।